

# আপনার অধিকার জানুন

## গোপনীয়তা

NYC পাবলিক স্কুলস্ (NYCPS) শিক্ষার্থীদের অথবা পরিবারের সদস্যদের অভিভাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে কোনও প্রশ্ন জিজ্ঞেস করে না অথবা খোঁজ রাখে না। আপনি অভিভাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত কোনও কাগজপত্র আমাদের কর্মীর কাছে দিয়ে থাকলে তারা সেটা সংরক্ষণ করবেন না। আইন দ্বারা আবশ্যিক না হলে NYCPS-এর স্টাফ শিক্ষার্থীর তথ্য কাউকে জানাবেন না।

## ভাষাগত সহায়তা

যেসব পরিবার ইংরেজি ভিন্ন অন্য ভাষায় কথোপকথন করতে পছন্দ করেন, তাদের জন্য নিউ ইয়র্ক সিটির সকল পাবলিক স্কুল বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবা প্রদান করে। আরও জানতে [schools.nyc.gov/Hello](https://schools.nyc.gov/Hello) দেখুন।

## নিরাপদ স্কুল

সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ পরিবেশ বজায় রাখতে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস্ এনফোর্সমেন্ট-এর (ICE) কর্মীগণসহ কোনও অস্থানীয় বা লোকাল-নয় এমন আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাগণ আইন অনুযায়ী বাধ্যতামূলক না হলে এবং স্কুল NYCPS-এর আইনজীবীর সাথে কথা বলার আগে, NYCPS-এর স্কুলগুলোতে প্রবেশ করতে পারবেন না। যদি কোনও ICE কর্মকর্তা স্কুলে উপস্থিত হন, তাহলে কী হবে?

- স্কুলের সেইফটি এজেন্ট প্রিন্সিপালকে ফোন করবেন, যিনি আগত অফিসারের সাথে সেইফটি ডেস্কের সামনে সাক্ষাৎ করবেন। প্রিন্সিপাল অফিসারকে বলবেন যে, যখন প্রিন্সিপাল NYCPS আইনজীবীদের সাথে কথা বলবেন সেই সময়টুকু অফিসারকে অবশ্যই স্কুল বিন্ডিংয়ের বাইরে অপেক্ষা করতে হবে।
- প্রিন্সিপাল NYCPS-এর আইনজীবীদের সাথে কথা বলবেন এবং পিতামাতা অথবা অভিভাবককে জানাবেন। ICE কর্মকর্তাগণের কাছে যদি বৈধ আইনি ওয়ারেন্ট থাকে, কিংবা যদি এমন কোনও জরুরি পরিস্থিতির সৃষ্টি হয় যে তাদের জরুরি পদক্ষেপ নেয়া প্রয়োজন হয়, শুধুমাত্র তাহলেই তারা প্রবেশ করতে পারবেন। আরও জানতে [schools.nyc.gov/SupportingAllStudents](https://schools.nyc.gov/SupportingAllStudents) দেখুন।

এই সংস্থানটি শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান করে। এটি আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য, একজন আইনজীবীর সাথে আলোচনা করুন।



## কাগজপত্র না থাকলে আমি কি আমার সন্তানের স্কুলে যেতে পারবো?

হ্যাঁ। কোনও NYCPS-এর স্কুলে আসতে, আপনার একটি ছবিযুক্ত অফিশিয়াল পরিচয়পত্রের প্রয়োজন হবে। NYCPS, IDNYC গ্রহণ করে যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য NYC কর্তৃক ইস্যু করা বিনাখরচে প্রদত্ত একটি মিউনিসিপ্যাল ID কার্ড।

IDNYC অভিভাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্য সংগ্রহ করে না। আপনি [nyc.gov/IDNYC](https://nyc.gov/IDNYC) -এ একটি বিনাখরচের IDNYC কার্ডের জন্য সাইন আপ করতে পারেন।



# আপনার পরিবারকে সুরক্ষিত রাখুন

## আপনার তথ্য হালনাগাদ করুন

আপনার সন্তানের স্কুলে প্রাপ্তবয়স্কদের নাম এবং ফোন নম্বর সহ জরুরি পরিস্থিতিতে যোগাযোগের তথ্য দিন (উদাহরণস্বরূপ: পারিবারিক সদস্য, বন্ধু-বান্ধব, বেবিসিটার, প্রতিবেশী, অথবা স্কুলের অন্য কোনও পিতামাতা), যারা আপনার অনুপস্থিতিতে আপনার সন্তানকে স্কুল থেকে নিতে আসতে পারে। এতে অন্তর্ভুক্ত কোনো 3-K, প্রি-K, চাইল্ড কেয়ার, কিংবা আফটার-স্কুল প্রোগ্রাম, যেখানে আপনার সন্তান অংশগ্রহণ করছে।

আপনার সন্তানকে দেখাশোনার জন্য কাউকে নিযুক্ত করার কয়েকটি উপায় রয়েছে। আরও জানতে [on.nyc.gov/FamilySeparation](https://on.nyc.gov/FamilySeparation) দেখুন।

1. প্রথম উপায়টি হলো NYS অফিস অভ চিল্ড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস-এ **OCFS-4940** নামক একটি ফর্ম পূরণ করার মাধ্যমে কোনও ব্যক্তিকে পিতামাতার সম্পর্কে মনোনীত করা। এটা তাৎক্ষণিকভাবে করা যায় এবং আপনার আদালতে যাওয়া আবশ্যিক নেই।
2. এটি করার দ্বিতীয় উপায়টি হলো **স্ট্যান্ডবাই গার্ডিয়ানশিপ** নামক একটি প্রক্রিয়ার মাধ্যমে। এই প্রক্রিয়ায় একটি আদালতে দাখিল করা আবশ্যিক।

## অতিরিক্ত তথ্য-সংস্থান

**NYC মেয়রস্ অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স – MOIA-এর অভিবাসন সংক্রান্ত আইনি সহায়তার হটলাইন**  
**800-354-0365**  
সোমবার–শুক্রবার, 9:00 a.m.–6:00 p.m.  
দোভাষী পরিষেবাসমূহ লভ্য রয়েছে

**সিটি অভ নিউ ইয়র্ক**  
**311**  
প্রতিদিন, সারাদিন লভ্য  
“ইমিগ্রেশন” (অভিবাসন) অনুরোধ করুন  
দোভাষী পরিষেবাসমূহ লভ্য রয়েছে

**ফ্যামিলি লিগ্যাল কেয়ার**  
**212-343-1122**  
সোমবার–শুক্রবার, 9:00 a.m.–1:00 p.m.  
এবং 2:00 p.m.–5:00 p.m.  
দোভাষী পরিষেবাসমূহ লভ্য রয়েছে

**আপনার অধিকার জানুন**  
**[nyc.gov/KnowYourRights](https://nyc.gov/KnowYourRights)**  
আপনার অধিকার এবং লভ্য সুরক্ষাসমূহ সম্পর্কে জানুন।

**ফ্যামিলি জাস্টিস সেন্টার**  
**[nyc.gov/FJC](https://nyc.gov/FJC)**  
গৃহ- এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতায় ভুক্তভোগীদের জন্য সহায়তা এবং পরিষেবাসমূহ খুঁজে নিন।

## সবার প্রতি মর্যাদা

কোনও শিক্ষার্থীকে স্কুলে নিরাপত্তাহীন বোধ করতে হবে না, সেই লক্ষ্যে হয়রানি, হুমকি, মান্তানি (বুলিং) ও বৈষম্য মুক্ত সুরক্ষিত ও সহায়ক শিক্ষণ পরিবেশ সংরক্ষণ করায় NYCPS প্রতিশ্রুতিবদ্ধ। আপনার সন্তান যদি আপনাকে বলে যে সে মান্তানির (বুলিং) শিকার হচ্ছে অথবা তাকে হয়রানি করা হচ্ছে, তাহলে অনুগ্রহ করে অবিলম্বে স্কুলের কোনও স্টাফের কাছে তা রিপোর্ট করুন।

কীভাবে মান্তানি বা বুলিং রিপোর্ট করতে হয় সেবিষয়ে আরও তথ্যের জন্য [schools.nyc.gov/RespectForAll](https://schools.nyc.gov/RespectForAll) দেখুন।

